

১৪তম বর্ষপূর্তিতে টিকিটে ১৪ শতাংশ ছাড়ের ঘোষণা নভোএয়ারের

- A Monitor Desk Report

Date: 08 January, 2026



ঢাকাঃ দেশের উড়োজাহাজ সংস্থা নভোএয়ার ১৪তম বর্ষে পদার্পণ করছে শুক্রবার (৯ জানুয়ারি)।

বৃহস্পতিবার (৮ জানুয়ারি) থেকে প্রতিষ্ঠানটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন শুরু করেছে।

এ উপলক্ষে যাত্রীদের ১ মাসের জন্য নভোএয়ার টিকিটের মূল্যে ১৪ শতাংশ ছাড়ের ঘোষণা দিয়েছে। অফারটি উপভোগ করতে নভোএয়ারের বিক্রয় কেন্দ্র, ওয়েবসাইট ও মোবাইল অ্যাপস থেকে টিকিট কিনতে পারবেন।

যাত্রীরা 'VQANNI14' প্রমোকোড ব্যবহার করে ওয়েবসাইট ও মোবাইল অ্যাপস থেকেও টিকিট ক্রয় করতে পারবেন।

নভোএয়ার কর্তৃপক্ষ সূত্রে এসব তথ্য নিশ্চিত করেছেন।

সূত্র জানায়, ২০১৩ সালের ৯ জানুয়ারি, ঢাকা থেকে চট্টগ্রাম বুটে যাত্রী পরিবহনের মাধ্যমে নভোএয়ারের যাত্রা শুরু হয়। স্বল্প সময়ের মধ্যেই যাত্রীসেবার মান, সময়ানুবর্তিতা ও নিরাপত্তার ক্ষেত্রে প্রতিষ্ঠানটি আকাশপথে ভ্রমণে যাত্রীদের কাছে একটি আস্থাশীল নাম হিসেবে নিজেদের অবস্থান সুদৃঢ় করেছে।

নভোএয়ার ১৩ বছরে মোট ১ লাখ ৪২ বাজারেরও এর অধিক ফ্লাইট পরিচালনা করেছে এবং ৮ মিলিয়ন-এর বেশি যাত্রীকে সেবা প্রদান করেছে।

যাত্রীসেবাকে আরও সহজ, আধুনিক ও মানসম্মত করতে নভোএয়ার দেশের প্রথম উড়োজাহাজ সংস্থা হিসেবে চালু করে ফ্রিকোয়েন্ট ফ্লায়ার প্রোগ্রাম 'স্মাইলস', কো-ব্র্যান্ডেড কার্ড, টিকিট কেনার জন্য মোবাইল অ্যাপ এবং ওয়েব চেক-ইন সুবিধা।

পাশাপাশি স্মাইলস মেম্বারদের জন্য বিভিন্ন স্বনামধন্য ব্র্যান্ডগুলোর আউটলেটে বিশেষ ছাড় এবং বোর্ডিং পাস প্রিভিলেজ প্রোগ্রামের মাধ্যমে সম্মানিত যাত্রীদের জন্য অতিরিক্ত সুবিধা দিচ্ছে প্রতিষ্ঠানটি।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, ব্যবসায়িক সহযোগী এবং যাত্রীদের শুভেচ্ছা জানিয়ে নভোএয়ারের ব্যবস্থাপনা পরিচালক মফিজুর রহমান বলেন, সময়ানুবর্তী ফ্লাইট ও নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার মাধ্যমে যাত্রীদের চাহিদা পূরণ এবং ভবিষ্যতে আরও উন্নত সেবা প্রদানে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। বিভিন্ন চ্যালেঞ্জ অতিক্রম করে নভোএয়ার আজ আকাশপথে ভ্রমণের ক্ষেত্রে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সামনের দিনগুলোতে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুট সম্প্রসারণের মাধ্যমে যাত্রীসেবা আরও উন্নত করাই আমাদের অঙ্গীকার।

বর্তমানে নভোএয়ার প্রতিদিন ঢাকা থেকে চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট ও সৈয়দপুর অভ্যন্তরীণ নিয়মিত ফ্লাইট পরিচালনা করছে।

-B